



ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়

বগুড়া ক্যান্টনমেন্ট

বগুড়া।

www.cbb.gov.bd

পত্র নম্বরঃ ২৩.২২.৭০০৬.০১১.০৭.০০১.২১.৪৩৮

তারিখঃ ০৪ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
১৮ মে ২০২২ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বগুড়া ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নিম্নবর্ণিত পদে অস্থায়ীভিত্তিতে নিয়োগের লক্ষ্যে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা হচ্ছে :-

ক্রঃনং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা (ক্যান্টনমেন্ট সার্ভেন্টস নিয়োগ ও পদোন্নতি নীতিমালা-২০১৯ (সংশোধিত) অনুযায়ী)	যেসব জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
০১	ট্যাক্স ক্লার্ক (৯৩০০-২২৪৯০/-) গ্রেড -১৬	০১ (এক)	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম ২.৫ জিপিএ প্রাপ্ত এইচএসসি (বাণিজ্য) অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬(ছয়) মাস মেয়াদী কম্পিউটার কোর্স সম্পন্ন হতে হবে।	
০২	গাড়ী চালক (হালকা) (৯৩০০-২২৪৯০/-) গ্রেড -১৬	০৩ (তিন)	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি পাস এবং উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ড্রাইভিং লাইসেন্স (হালকা) সহ ড্রাইভার হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	বগুড়া, সিরাজগঞ্জ
০৩	কম্পারভেন্সি সুপারভাইজার (৯০০০-২১৮০০/-) গ্রেড -১৭	০১ (এক)	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন।	
০৪	অফিস সহায়ক (৮২৫০-২০০১০/-) গ্রেড-২০	০১ (এক)	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ন্যূনতম এসএসসি বা সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন।	বগুড়া, জামালপুর
০৫	নিরাপত্তা প্রহরী (৮২৫০-২০০১০/-) গ্রেড-২০	০৪ (চার)	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম ৮ম শ্রেণি পাস পাস হতে হবে।	চাঁপাই নবাবগঞ্জ, শরীয়তপুর, সিরাজগঞ্জ, বগুড়া, নড়াইল

(বিঃ দ্রঃ মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন।)

- ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, বগুড়া ক্যান্টনমেন্ট বরাবরে আবেদনপত্র আগামী ১৩/০৬/২০২২ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) পৌঁছাতে হবে। খামের উপরের ডানপাশে আবেদনকৃত পদের নাম, নিজ জেলা ও কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে। উক্ত তারিখের পরে প্রাপ্ত/ক্রটিপূর্ণ / অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- Application form for govt. Job (www.mopa.gov.bd)** অথবা বগুড়া ক্যান্টনমেন্ট বোর্ডের ওয়েব সাইট **www.cbb.gov.bd** থেকে আবেদন ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক (মোবাইল নম্বরসহ) নিম্নবর্ণিত কাগজপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে- (ক) ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, বগুড়া সেনানিবাসের অনুকূলে সোনালী ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে নিয়োগ পরীক্ষার ফিস বাবদ ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) দাখিল করতে হবে (খ) সম্প্রতি তোলা ০৩ কপি পার্সপোট সাইজের কালার ছবি (গ) প্রার্থীর নাম ও ঠিকানা উল্লেখপূর্বক অব্যবহৃত ডাকটিকিট যুক্ত (৯.৫ X ৪.৫ ইঞ্চি) পৃথক একটি খাম সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর বয়স ৩১/০৫/২০২২ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য হবে। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনির ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। এ ছাড়া সরকার অনুমোদিত অন্যান্য কোটা প্রযোজ্য ক্ষেত্রে সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- সরকারি/আধা সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় আবেদনে দাখিলকৃত শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র/প্রত্যয়নপত্র, অভিজ্ঞতার সনদ, জন্ম নিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্র এবং বিভিন্ন কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রত্যয়নপত্র এর মূল কপিসহ এক সেট সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে।
- অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য/নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে আবেদনপত্র নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল করা হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- নিয়োগ পরীক্ষার তারিখ ও সময় আবেদনকারীকে ডাকযোগে নিয়োগ পরীক্ষার প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এ ছাড়াও নিয়োগ সংক্রান্ত সকল তথ্যাদি এ দপ্তরের ওয়েব সাইট থেকে জানা যাবে।
- নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- নিয়োগ প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ ভাতা প্রদান করা হবে না।


(মৌসুমী আফরিনা)

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার

বগুড়া ক্যান্টনমেন্ট।